দৈনিক বাংলা

তারিখ ৯।৩।৮১
পৃষ্ঠা ... কলাম ...

১৩০

# এ বছরই পাবনা মেডিক্যাল কলেজে ক্লাস শুরু

হেমায়েতপুর, ৮ই মার্চ (এনা)।—বর্তমান শিক্ষা বর্ষ থেকেই পাবনা মেডিক্যাল কলেজের কাজ শুরু হচ্ছে। ১৬ই মার্চ থেকে ক্লাস শুরু হবে।

স্বাস্থ্যমন্ত্রণালয় যে ৫৬ জন ছাত্রকে এই কলেজে ভর্তির জন্য নির্বাচিত করেছিল, এ পর্যন্ত তাদের ১৯ জন ভর্তি হয়েছে।

কলেজের অধ্যক্ষ প্রফেসর, সিদ্দিক-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ক্লাস শুরু

(১-এর পৃঃ পর)

উল্লাহ জানিয়েছেন যে প্রাথমিকভাবে পাবনা মানসিক হাসপাতালের ৬টি ভবন ও ১০টি কটেজ নিয়ে কলেজের ক্লাস ও অন্যান্য কাজ শুরু হবে। কলেজের জন্য ১২ একর জমির ব্যাপারে আলোচনা চলছে।

তিনি জানান, চারজন প্রভাষক যোগ দিয়েছেন এবং ১৬ই মার্চের আগেই আরও নয়জন যোগ দেবেন।

উল্লেখ্য, গত বছরের জুনে প্রেসিডেন্ট জিয়াউর রহমান কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।